কানাইঘাটে অস্ত্রোপচার ছাড়াই একসঙ্গে তিন কন্যার জন্ম

বদরুল আলম,কানাইঘাট প্রতিনিধি:সিলেটের কানাইঘাটে অস্ত্রোপচার ছাড়াই এক এক করে তিন কন্যা সন্তানের জন্ম দিয়েছেন এক নারী। এর মধ্যে এক নবজাতকের জন্ম হয় মৃত অবস্থায়। কানাইঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সোমবার দুপুরে তাদের জন্ম হয়।

জানা গেছে, প্রসব ব্যথা নিয়ে রবিবার সকাল ১০টার দিকে উপজেলার সোনাতুলাকান্দি গ্রামের কামাল উদ্দিনের স্ত্রী জেসমিন বেগম (৩০) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে ভর্তি হন। সোমবার বেলা একটার দিকে হাসপাতালের চিকিৎসক ডা. শেখ শরফুদ্দিন নাহিদ, ডা. উম্মে কুলসুমার নেতৃত্বে একটি মেডিকেল দল সিজার অপারেশন ছাড়াই স্বাভাবিক ডেলিভারির মাধ্যমে ওই নারী তিন কন্যা সন্তানের জন্ম দেন। তিনজনের মধ্যে এক নবজাতকের জন্ম হয় মৃত অবস্থায়।

প্রসূতি জেসমিন বেগম সম্পূর্ণ সুস্থ থাকলেও জীবিত দুই নবজাতকের ওজন কম থাকায় তাদের সোমবার বিকেলে সিলেট এমএজি ওসমানী মেডিকেলে কলেজ হাসপাতালের শিশু বিভাগে পাঠানো হয়।

এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইচও ডা. শরফ উদ্দিন নাহিদ বলেন, হাসপাতালে যখনই কোনো গর্ভবতী মা প্রসব ব্যথা নিয়ে আসেন তাদের সবধরনের চিকিৎসা প্রদানের ব্যবস্থা আমরা করে থাকি। যাতে করে স্বাভাবিকভাবে সন্তানের জন্ম হয়। জেসমিন বেগম প্রসব ব্যথা নিয়ে আসার পর তার চিকিৎসা সেবা আমরা তাৎক্ষণিক প্রদান করি এবং তিনি তিন নবজাতক কন্যা সন্তানের জন্ম দেন। তবে একজন নবজাকের জন্ম মৃত অবস্থায় হয়। বাকি দু’জনের স্বাভাবিক ওজনের চেয়ে কম হওয়ায় তাদের ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।